

🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৪৯

১/ বিবিধ

আরবী

يمكث رجل في النار فينادي ألف عام: يا حنان يا منان! فيقول الله تبارك وتعالى: يا جبريل! أخرج عبدي فإنه بمكان كذا وكذا، فيأتي جبريل النار، فإذا أهل النار منكبين على مناخرهم، فيقول: يا جبريل! اذهب فإنه في مكان كذا وكذا، فيخرجه، فإذا وقف بين يدي الله تبارك وتعالى، يقول الله تبارك وتعالى: أي عبدي كيف رأيت مكانك؟ قال: شر مكان، وشر مقيل، فيقول الرب سبحانه وتعالى: ردوا عبدي، فيقول: يا رب ما كان هذا رجائي، فيقول الرب

سبحانه وتعالى: أدخلوا عبدى الجنة

ضعیف جدا

أخرجه ابن خزيمة في " التوحيد " (ص 205 _ 206) من طريق سلام بن مسكين قال

حدثنا أبو ظلال القسملي عن أنس بن مالك عن النبي صلى الله عليه وسلم قال فذكره

قلت: وهذا إسناد واه جدا، أبو ظلال واسمه هلال بن ميمون، قال الذهبي " واه بمرة، قال ابن معين والنسائي: ضعيف. وقال ابن عدي: عامة ما يرويه لا يتابعه الثقات عليه. وقال ابن حبان: لا يجوز الاحتجاج به بحال. وقال

البخاري: عنده مناكير



ومن ضعاف " المختارة " للضياء

বাংলা

১২৪৯। জাহান্নামের আগুনে এক ব্যক্তি অবস্থান করে এক হাজার বছর ডাকতে থাকবে । ইয়া হান্নান, ইয়া মান্নান। এ সময় আল্লাহ্ তা'আলা বললেনঃ হে জিবরীল! তুমি আমার বান্দাকে জাহান্নামের আগুন থেকে বের কর সে অমুক স্থানে রয়েছে। জীবরীল জাহান্নামে আসবেন, এ সময় জাহান্নামীরা তাদের নাকের উপর উপুড় হওয়া অবস্থায় থাকবে। আল্লাহ্ বলবেনঃ হে জিবরীল! তুমি যাও। সে অমুক স্থানে রয়েছে। অতঃপর তিনি তাকে বের করবেন। অতঃপর যখন আল্লাহ্ রব্বুল আলামীনের সামনে দাঁড় করাবেন তখন আল্লাহ্ তাআলা বলবেনঃ হে আমার বান্দা! তুমি তোমার স্থান কেমন দেখলে? সে ব্যক্তি বলবেঃ খুবই খারাপ স্থান, খুবই খারাপ বিশ্রাম (আশ্রয়) স্থল। আল্লাহ রব্বুল আলামীন বলবেনঃ আমার বান্দাকে সেখানে ফিরিয়ে নিয়ে যাও। সে বান্দা বলবেঃ হে আমার প্রতিপালক এটা আমার কাম্য ছিল না। রব্বুল আলামীন বলবেনঃ আমার বান্দাকে জান্নাতে প্রবেশ করাও।

হাদীসটি খুবই দুর্বল।

হাদীসটিকে ইবনু খুযায়মাহ "আত-তাওহীদ" গ্রন্থে (পৃঃ ২০৫, ২০৬) সালাম ইবনু মিসকীন সূত্রে আবু যিলাল কাসমালী হতে, তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে, তিনি নবী সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। আবু যিলালের নাম হচ্ছে হিলাল ইবনু মাইমূন। হাফিয যাহাবী বলেনঃ তিনি একেবারে দুর্বল। ইবনু মাঈন ও নাসাঈ বলেনঃ তিনি দুর্বল। ইবনু আদী বলেনঃ নির্ভরযোগ্য বর্ণনাকারীগণ তার অধিকাংশ বর্ণনার অনুসরণ করেননি। ইবনু হিব্বান বলেনঃ কোন অবস্থাতেই তার দ্বারা দলীল গ্রহণ বৈধ নয়। ইমাম বুখারী বলেনঃ তার নিকট বহু মুনকার হাদীস রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন